Dhaka Power Distribution Co. Ltd.

(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)
Biddut Bhabon (2nd Floor), 1 Abdul Gani Road, Dhaka -1000

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নিলাম পরিচিতি নং -১২৬

১	মন্ত্রণালয়/বিভাগ	বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয়, বাংলাদেশ		
২	এজেন্সী	ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড		
৩	নিলামকারী দপ্তরের নাম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চুক্তি ও ক্রয়		
৪	নিলামকারী দপ্তরের জেলা	ঢাকা		
৫	কাজের নাম	ডিপিডিসি'র হাতিরপুলস্থ ওয়ার্কশপে রক্ষিত অকেজো/ ব্যবহার অনুপযোগী খালি ট্রান্সফরমার ট্যাঙ্ক, তেলের খালি ড্রাম, স্টিল কোর ও পুরাতন ব্যাটারী ইত্যাদি মালামাল নিলামে বিক্রয়		
৬	বিজ্ঞপ্তি সূত্র নং	ডিপিডিসি/তঃপ্রঃ(সিএন্ডপি)/ই-অকশন/২০১৭-১৮/০২০		
৭	তারিখ	১৪ নভেম্বর ২০১৮		
৮	নিলাম পদ্ধতি	খোলা দরপত্র		
৯	নিলামে আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময়	আবেদনের শুরুর তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
		১৪ নভেম্বর ২০১৮, ০৯ : ০০ সকাল	১৩ ডিসেম্বর ২০১৮, ১২ : ০০ দুপুর	১৩ ডিসেম্বর ২০১৮, ০১ : ১৫ দুপুর

দরদাতার জন্য তথ্যাবলী

১১	দরদাতার যোগ্যতা	১. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠান যাদের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধ, ভ্যাট নিবন্ধন সনদপত্র রয়েছে তারাই দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন
১২	ই-অকশনের আবেদন ফী	৳ ২,০০০.০০ /= (দুই হাজার) মাত্র (অফেরতযোগ্য) ই-অকশনের আবেদন ফী হিসেবে সংশ্লিষ্ট ব্যাংকে জমাদানের মাধ্যমে নিলামে অংশগ্রহন করতে হবে।
১৩	দরপত্র/নিলামের জামানত	৳ ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র (ফেরতযোগ্য) EBL এর যে কোন শাখায় নিলামের সিকিউরিটি মানি হিসেবে জমাদানের মাধ্যমে নিলামের সিডিউলে অ্যাক্সেস করতে হবে।
১৪	কাজ সমাপ্তির সময়	কার্যাদেশ জারীর ৪৫ দিনের মধ্যে।
১৫	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম	Md. Mahbubur Rahman
১৬	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী	Superintending Engineer
১৭	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক ঠিকানা	Biddut Bhaban (3rd Floor), 1, Abdul Gani Road, Dhaka-1000.
১৮	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ফোন নম্বর	02-9567258
১৯	শর্তাবলী	১. এটি একটি On-line ভিত্তিক Auction প্রক্রিয়া। নিলামে আগ্রহী দরদাতাগণ https://auction.dpdc.org.bd/ site এর মাধ্যমে auction এ অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণের বিস্তারিত প্রক্রিয়া সম্পর্কে জানার জন্য নিম্নের লিঙ্ক দেখা যেতে পারে https://auction.dpdc.org.bd/Home/FAQ https://auction.dpdc.org.bd/Assets/article/DPDC%20e-Auction%20System%20Bidder%20Manual%20V1.pdf ২. সকল আগ্রহী দরদাতাকে অবশ্যই ডিপিডিসি'র e-auction সিস্টেমে নিবন্ধিত হতে হবে। শুধুমাত্র নিবন্ধিত দরদাতাগণ নিলামে অংশগ্রহণ করতে পারবে।

৩. Online ভিত্তিক Auction টি তে অংশগ্রহণ সংক্রান্ত যে কোন কারিগরি সহায়তা ও ব্যাখ্যার জন্য Office hour (9am-5pm)-এ help line (01730335051)-এ যোগাযোগ করতে পারবেন।

৪. ডিপিডিসি'র ই-অকশন সিস্টেমের মাধ্যমে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ডাক, কুরিয়ার সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন নিলাম দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৫. ই-অকশন সিস্টেমে নির্দিষ্ট তারিখ ও সময়ের পরে কোন নিলাম দরপত্র দাখিল করা যাবে না।

৬. দরপত্র প্রস্তাবের বৈধতার মেয়াদ দরপত্র দাখিলের শেষ সময় হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বলবত থাকবে।

৭. হালনাগাদ ট্রেড লাইসেন্স (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

৮. আয়কর সনদপত্র (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

৯. ভ্যাট নিবন্ধন সনদপত্র (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

১০. নির্ধারিত সময়ের মধ্যে দর প্রদান করতে হবে। e-Auction সিস্টেম ব্যবহার করে দর প্রদানকালে কোন ধরনের কারিগরি ত্রুটি (Internet Connection এর সমস্যা ইত্যাদি)-র জন্য যথা সময়ে bid করতে না পারার জন্য, অথবা corrupted বা virus infected file বা file download না করতে পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না, সকল দায় দরদাতাকে বহন করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. আংশিক মালামালের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্যও হবে না।

১২. দরপত্র দাখিলের তারিখ, সময় ও শর্তাবলী পরিবর্তনের সকল ক্ষমতা দরপত্র আহ্বানকারী সংরক্ষণ করেন।

১৩. মালামালসমূহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসপিএস, স্ক্যাডা ভবন, কাঁটাবন, ঢাকা এর পূর্ব অনুমতি সাপেক্ষে ডিপিডিসি'র হাতিরপুলস্থ ওয়ার্কশপে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সরজমিনে প্রত্যক্ষ করতে পারবেন।

১৪. শর্তাধীন/শর্তযুক্ত (Conditional) নিলাম দর গ্রহণযোগ্য হবে না।

১৫. নিলামকৃত মালামালের বিপরীতে কোন warranty প্রযোজ্য হবে না।

১৬. Delivery Order প্রদানের পূর্বে অকৃতকার্য দরদাতাগণকে তাদের সিকিউরিটি মানি ফেরত দেওয়া হবে না।

১৭. দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের চাহিদার বিপরীতে মূল নথি-কাগজপত্র প্রদর্শন করতে হবে। দরপত্র মূল্যায়নকালে আংশিক(Partial), জাল(Forged) বা নকল(Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮. সর্বোচ্চ গ্রহণযোগ্য দরদাতা (Technically Responsive Highest Bidder)'র অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।

১৯. যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০. দর প্রদানের সময়, ভ্যাট/ট্যাক্স সহ দ্রব্যমূল্য উদ্ধৃত করতে হবে। বিজয়ী দরদাতা চূড়ান্ত পর্যায়ে তার উদ্ধৃত মুল্য পরিশোধের পর বিধি মোতাবেক ধার্যকৃত ভ্যাট/ট্যাক্স কর্তন করে সরকারী কোষাগারে জমাদান করা হবে।

২১. কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে সফল দরদাতাকে সংশ্লিষ্ট নিলামের বিপরীতে পূর্বে প্রদত্ত নিলামের জামানতের অর্থ ব্যতিরেকে, দরপত্রে তার সমূদয় মালামালের উদ্ধৃত মূল্যের অবশিষ্ট টাকা অনলাইনে প্রস্তুত টোকেনের মাধ্যমে নির্দিষ্ট ব্যাংকে জমা দিতে হবে। শুধু মাত্র টোকেনের বিপরীতে একটি ট্রাজেকশনের মাধ্যমে সম্পূর্ণ টাকা একবারে জমা দিতে হবে। আংশিক বা মেশিনে টাকা জমা গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদেয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে, কার্যাদেশটি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার পূর্বে জমাকৃত দরপত্র/নিলামের জামানত বাজেয়াপ্ত (forfeit) করা হবে।

২২. সমূদয় অর্থ জমাদানের পর DPDC কর্তৃপক্ষ কর্তৃক Delivery Order ইস্যু করার ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিলামকৃত সকল মালামাল কার্যাদেশপ্রাপ্ত দরদাতাকে নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্ধারিত স্থান হতে যথাশীঘ্র গ্রহণ করতে হবে। মালামালের যেকোনো প্রকার ক্ষতি বা চুরির ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২৩. নির্ধারিত সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হলে কার্যাদেশটি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার পূর্বে জমাকৃত দরপত্র/নিলামের জামানত বাজেয়াপ্ত (forfeit) করা হবে।

২৪. ডিপিডিসি কর্তৃক গঠিত ডেলিভারি কমিটির উপস্থিতিতে তাঁদের ছাড়পত্র অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে।

২৫. মালামালের প্রকৃত পরিমাণ কম বা বেশি হতে পারে। সেক্ষেত্রে মালামালের প্রকৃত পরিমাণের ভিত্তিতে মূল্যও পরিশোধের ব্যবস্থা করতে হবে।

২৬. শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।